

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৬৬৫

শান্তিরবাজার, ২২ জানুয়ারি, ২০২৪

**শান্তিরবাজার মহকুমা ভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন**

বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল শান্তিরবাজার মহকুমা ভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে পূর্ণ রাজ্য দিবসের অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক প্রমোদ রিয়াং। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক প্রমোদ রিয়াং বলেন, সরকারি প্রকল্পের সুযোগ যাতে সমাজের প্রত্যেক মানুষ পায় তার জন্য আমাদের কাজ করতে হবে। শ্রেষ্ঠ ভারত গড়ার যে ডাক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দিয়েছেন সে কাজে সবাইকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানিয়েছেন।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন শান্তিরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা। স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক রাজেশ দেবনাথ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পশ্চিম পিলাক দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক তপন কুমার দাস। পূর্ণ রাজ্য দিবস উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে তথ্য চিত্র প্রদর্শন করা হয়। ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

\*\*\*\*\*